গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৬.২৪.৯৪৩

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **রিট পিটিশন নং ৮৩৩৮/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮৩৩৮/২০২৪-এর ২০/০৮/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলা পরিষদে দৈনিক হাজিরা ভিত্তিতে প্রধান নির্বাহী কর্মকর্তার বাংলোর মালির পদ থেকে অব্যাহতি প্রদান সংক্রান্ত জেপদি/তিন-৩৬/২০২৩-২০২৪/২৯০ সংখ্যক স্মারক-কে চ্যালেঞ্জ করে পিটিশনার জনাব তাপশ কুমার পাল রিট পিটিশন নং-৮৩৩৮/২০২৪ রুজু করেন। বিবেচ্য মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর-কে ২নং প্রতিপক্ষসহ মোট ৩(তিন) জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৮৩৩৮/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

১০-১১-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব
০২৫৫১০০৯৯৫
lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব), সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১৬৬.২৪.৯৪৩/১(৫)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়;
২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
৩। উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং

৫। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

১০-১১-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব